

## যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৯৫

১/ বিবিধ

আরবী

من تواضع لله رفعه الله، وقال: انتعش رفعك الله، فهو في نفسه صغير، وفي أعين الناس عظيم، ومن تكبر خفضه الله، وقال: اخسأ خفضك الله، فهو في نفسه كبير، وفي أعين الناس صغير، حتى يكون أهون عليهم من كلب

موضوع

أخرجه الطبراني في "المعجم الأوسط" (رقم 8472) وعن أبي نعيم في "الحالية" (7/129) والحسن بن علي الجوهرى في "مجلس من الأمالى" (ق 2/66) والخطيب في "تاريخ بغداد" (2/110) من طريق سعيد بن سلام العطار: حدثنا سفيان الثورى عن الأعمش عن إبراهيم عن عباس بن ربيعة قال: سمعت عمر بن الخطاب يقول: "يا أيها الناس تواضعوا فإني سمعت رسول الله صلى الله عليه وسلم يقول فذكره. وقال الطبراني وأبو نعيم والخطيب واللفظ لهما: غريب من حديث الثورى تفرد به سعيد بن سلام

قلت: وهو كذاب كما في "المجمع" (8/82) وعزاه للطبراني في "الأوسط". وسكت عليه المنذري (4/15) فأساء

বাংলা

১২৯৫। যে ব্যক্তি আল্লাহর নিকট নিজেকে হীন মনে করবে আল্লাহ তা'আলা তার মর্যাদাকে উঁচু করবেন। তিনি আরো বলেনঃ তুমি তোমার মাথা উঁচু কর আল্লাহ তোমাকে উঁচু করবেন। সেটি বাস্তবে ছোট কিন্তু মানুষের দৃষ্টিতে বড়। আর যে অহংকার করবে আল্লাহ তা'আলা তাকে লাঞ্ছিত করবেন। তিনি আরো বলেনঃ তুমি ভীত হয়ে ছোট

হও তাহলে তোমার জন্য আল্লাহ্ সহজ করে দিবেন। সেটি বাস্তবে অনেক বড় কিন্তু লোকদের দৃষ্টিতে ছোট। এমনকি তাদের নিকট এটা কুকুরের চেয়েও নিকৃষ্ট।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ত্বারানী "আল-মুজামুল আওসাত" গ্রন্থে (নং ৮৪৭২), তার থেকে আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৭/১২৯), হাসান আলী জাওহারী "মাজলিসুম মিনাল আমলী" (কাফ ২/৬৬) ও খাতীব বাগদাদী "তারীখু বাগদাদ" গ্রন্থে (২/১১০) সঙ্গে ইবনু সালাম আল-আতার সূত্রে সুফইয়ান সাওরী হতে, তিনি আ'মাশ হতে, তিনি ইবরাইম হতে, তিনি আবেস ইবনু 'রাবী'য়াহ হতে, তিনি বলেনঃ আমি উমার ইবনুল খাতাব (রাঃ)-কে বলতে শুনেছিঃ ...।

ত্বারানী, আবু নুয়াইম ও খাতীব বলেনঃ সাওরী হতে বর্ণিত এ হাদীসটি গারীব। এটিকে সঙ্গে ইবনু সালাম এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি মিথ্যুক যেমনটি "আল-মাজমা" গ্রন্থে (৮/২৮) এসেছে। হাফিয মুনয়েরী হাদীসটির ব্যাপারে চুপ থেকে ঝটি করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72174>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন